ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৭০৬

আগরতলা,৭ সেপ্টেম্বর,২০২৬

# জিবি হাসপাতালে ১০০ জনের এভি ফিস্টুলা অপারেশন সফলভাবে সম্পন্ন

রাজ্যের মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহার আন্তরিক উদ্যোগে আগরতলা গভর্নমেন্ট মেডিকেল কলেজ ও জিবিপি হাসপাতাল এবং মণিপুরের শিজা হাসপাতালের বিশেষজ্ঞ চিকিৎসকদের সহযোগিতায় পঞ্চম এভি ফিস্টুলা ক্যাম্প সফলভাবে সম্পন্ন হয়েছে।

এই ক্যাম্পের মাধ্যমে জিবিপি হাসপাতালের চিকিৎসা পরিষেবায় একটি উল্লেখযোগ্য মাইলফলক অর্জিত হয়েছে। এ পর্যন্ত মোট ১০০ জন রোগীর এভি ফিস্টুলা সার্জারি সফলভাবে সম্পন্ন হয়েছে। ১০০টি এভি ফিস্টুলা সার্জারি সফলভাবে সম্পন্ন হওয়া নিঃসন্দেহে জিবিপি হাসপাতালের চিকিৎসা পরিষেবার ক্ষেত্রে একটি উল্লেখযোগ্য সাফল্য। পঞ্চম ক্যাম্পে মোট ৩২ জন রোগীর স্ক্রিনিং করা হয় এবং তাঁদের মধ্যে ২৩ জন রোগীর এভি ফিস্টুলা সার্জারি সফলভাবে সম্পন্ন হয়েছে।

বর্তমানে কিডনি রোগ ও রেনাল ফেইলিউরে আক্রান্ত রোগীর সংখ্যা ক্রমশ বৃদ্ধি পাচ্ছে। কিডনি বিকল রোগীদের নিয়মিত হেমোডায়ালাইসিসের জন্য একটি কার্যকর ও দীর্ঘস্থায়ী ভাসকুলার অ্যাক্সেস অত্যন্ত গুরুত্বপূর্ণ। এই বিষয়টি বিবেচনায় রেখে ডায়ালাইসিস-নির্ভর রোগীদের উন্নত চিকিৎসা পরিষেবা নিশ্চিত করার লক্ষ্যে এ ধরনের এভি ফিস্টুলা ক্যাম্পের আয়োজন করা হচ্ছে।

এই উদ্যোগের ফলে ডায়ালাইসিস-নির্ভর রোগীরা নিজ রাজ্যেই উন্নতমানের ভাসকুলার অ্যাক্সেস পরিষেবা পাওয়ার সুযোগ পাচ্ছেন। এই গুরুত্বপূর্ণ উদ্যোগকে সফল করে তুলতে আগরতলা গভর্নমেন্ট মেডিকেল কলেজ ও জিবিপি হাসপাতালের প্রশাসন, প্লাস্টিক সার্জারি বিভাগ এবং নেফ্রোলজি বিভাগের ধারাবাহিক সহযোগিতা ও সমন্বয়, পাশাপাশি মণিপুরের শিজা হাসপাতালের বিশেষজ্ঞ চিকিৎসক ও সার্জিক্যাল টিমের সক্রিয় সহযোগিতা বিশেষভাবে উল্লেখযোগ্য।

এই সাফল্যের সঙ্গে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে যুক্ত সকল চিকিৎসক, নার্স, স্বাস্থ্যকর্মী, টেকনিশিয়ান এবং সহযোগী কর্মীদের আন্তরিক অভিনন্দন ও ধন্যবাদ জানানো হচ্ছে। এই উদ্যোগটি রাজ্যে উন্নত ভাসকুলার অ্যাক্সেস পরিষেবা আরও শক্তিশালী করার পাশাপাশি রোগীদের সময়, অর্থ ও বিড়ম্বনা কমাতে সহায়ক হবে। আগামী দিনেও রোগীদের স্বার্থে এ ধরনের এভি ফিস্টুলা ক্যাম্প অব্যাহত থাকবে। এজিএমসি ও জিবিপি হাসপাতাল রাজ্যের জনগণের জন্য উন্নত, আধুনিক ও সহজলভ্য স্বাস্থ্য পরিষেবা প্রদানে প্রতিশ্রুতিবদ্ধ। স্বাস্থ্য দপ্তর থেকে এই সংবাদ জানানো হয়েছে।

*****